



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২৮৩৩৮১/সিরাজগঞ্জ-১৩৭/৫৫৪

তারিখঃ ০৬.১০.২০১৯খি.

বিষয়ঃ- কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার শাহাজাদপুর উপজেলাধীন করশালিকা রহমানিয়া আলিম মাদ্রাসার এডহক কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক মো: আবদুস সাত্তার তার চূড়ান্ত বরখাস্ত প্রত্যাহার পূর্বক কাজে যোগদান ও বকেয়া বেতন ভাতাদি প্রদান করার জন্য আবেদন করেছেন। আবেদন পর্যালোচনায় দেখা যায় গত ১৩/০৭/২০১০ ইং তারিখে মাদ্রাসার বিদ্যমান এডহক কমিটি কর্তৃক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আপিল এন্ড আরবিট্রেশন কমিটির অনুমোদন ব্যতিরেকে সহকারী শিক্ষক মো: আবদুস সাত্তারকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়। (বেসরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরীর শর্তাবলী ১৯৭৯ এর প্রবিধানমালা ১২ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান ৪১(২)(ঘ) মোতাবেক শিক্ষক ও কর্মচারীদের অপসারণ ও বরখাস্তের বিষয়ে বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ ব্যতীত আরোপ করা যাইবে না মর্মে বিধান রয়েছে।

বর্ণিত অবস্থায় ১৯৭৯ ও ২০০৯ এর প্রবিধান লংঘিত করে বিধিবহির্ভূতভাবে সহকারী শিক্ষক মো: আবদুস সাত্তারকে কেন দীর্ঘদিন সাময়িক বরখাস্ত রাখা হলো এবং কেন তাকে বেতন ভাতাদি প্রদান করা হচ্ছে না তার জবাব পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অত্র বোর্ডে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৫.১০.১৯

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:  
অধ্যক্ষ  
করশালিকা রহমানিয়া আলিম মাদ্রাসা, শাহাজাদপুর, সিরাজগঞ্জ

  
২৫/১০/১৯

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২৮৩৩৮১/সিরাজগঞ্জ-১৩৭/৫৫৪

তারিখঃ ০৬.১০.২০১৯খি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, শাহাজাদপুর, সিরাজগঞ্জ।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪